

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
কলাই, জয়পুরহাট।


স্মারক নং- ৪৭.৬১.৩৮৫৮.০০০.২৫.০০১.১৭- ২২৫

তারিখঃ ২৪/০৯/২০২৩খ্রিঃ

নোটিশ

বিষয়ঃ উপজেলা সমবায় কার্যালয়, কলাই, জয়পুরহাট ২০২৩-২০২৪ এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে অংশীজনের অংশগ্রহণসভার নোটিশ।

উপজেলা সমবায় কার্যালয়, কলাই, জয়পুরহাট এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আগামী ২৬/০৯/২০২৩খ্রিঃ তারিখ ১১.০০টায় উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।




উপজেলা সমবায় অফিসার
কলাই, জয়পুরহাট।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। জেলা সমবায় অফিসার, জয়পুরহাট।

০২। অফিস নথি।



উপজেলা সমবায় অফিসার
কলাই, জয়পুরহাট।

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
কালাই, জয়পুরহাট।

উপজেলা সমবায় কার্যালয়, কালাই, জয়পুরহাট এর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২৬/০৯/২০২৩খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ জাহাঙ্গীর আলম উপজেলা সমবায় অফিসার কালাই, জয়পুরহাট।

স্থানঃ উপজেলা সমবায় কার্যালয় কালাই, জয়পুরহাট।

তারিখঃ ২৬/০৯/২০২৩খ্রিঃ

সময়ঃ সকাল ১১.০০ টা

উপস্থিতি : সমিতির মনোনিত সদস্য।

অধ্যকার সভার সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সমিতির সদস্যদের নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যক্রম শুরু করা হয়। উক্ত সভায় উপস্থিত সদস্যদের নিকট হতে প্রশ্ন আহবান করা হলে তাদের প্রাপ্ত প্রশ্নের জবাব/উত্তর সভায় প্রদান করা হলো।

১ নং প্রশ্নঃ সমিতির সদস্য জনাব মোঃ আজিজ বলেন যে, বার্ষিক সাধারণ সভার জন্য কত দিন আগে নোটিশ করতে হবে ?

১ নং প্রশ্নের উত্তরঃ প্রশ্নের জবাবে উপজেলা সমবায় অফিসার জানান যে, বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের ন্যূনতম ১৫ দিন পূর্বে নোটিশ করতে হবে।


২ নং প্রশ্নঃ সমিতির সদস্য জনাব মোঃ ইদ্রিস সাহেব বলেন যে, বার্ষিক সাধারণ সভার কাগজ পত্র উপজেলা সমবায় অফিসে দিতে হয় কিনা ?

২ নং প্রশ্নের উত্তরঃ প্রশ্নের জবাবে উপজেলা সমবায় অফিসার জানান যে, বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের কাগজ পত্র উপজেলা সমবায় অফিসে দাখিল করতে হবে।

৩ নং প্রশ্নঃ সমিতির সদস্য জনাব মোঃ ফারুক বলেন যে, নির্বাচন অনুষ্ঠানের কতদিন আগে নোটিশ করতে হবে।

৩ নং প্রশ্নের উত্তরঃ প্রশ্নের জবাবে উপজেলা সমবায় অফিসার জানান যে, সমিতির নির্বাচন অনুষ্ঠানের ন্যূনতম ৬০ দিন পূর্বে নোটিশ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যদের কে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ জাহাঙ্গীর আলম
উপজেলা সমবায় অফিসার
কালাই, জয়পুরহাট।

স্মারক নং

তারিখঃ

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো।

১। জেলা সমবায় অফিসার, জয়পুরহাট।

২। অফিস নথি।


উপজেলা সমবায় অফিসার
কালাই, জয়পুরহাট।

